
## ২.৪: গ্রুপ রিপোর্ট টেমপ্লেট তৈরি


প্রিয় অংশগ্রহণকারী, 'রিপোর্ট ম্যানেজমেন্ট সিস্টেম পরিচিতি ও ব্যবহার নির্দেশিকা' কোর্সে আপনাকে স্বাগত। এই পাঠে আমরা গ্রুপ রিপোর্ট টেমপ্লেট তৈরি করার পদ্ধতি সম্পর্কে আলোচনা করব।

গ্রুপ টেমপ্লেট সাধারণত একাধিক একক টেমপ্লেট এর সমন্বয়ে তৈরি করা হয়। তাই, গ্রুপ টেমপ্লেট তৈরির জন্য পূর্বের ভিডিওতে দেখানো নিয়ম অনুযায়ী একাধিক একক টেমপ্লেট তৈরি থাকতে হবে। গ্রুপ রিপোর্ট টেমপ্লেট তৈরির জন্য প্রথমে আরএমএস ওয়েবসাইটে লগইন করুন।


এরপর বাম পাশের মেনুগুলো থেকে 'রিপোর্ট টেমপ্লেট সম্পাদনা' মেনুর অন্তর্গত 'গ্রুপ টেমপ্লেট সম্পাদনা' অপশনে ক্লিক করুন।





এরপর 'গ্রুপ রিপোর্ট টেমপ্লেটস' তালিকা নামের পেজ থেকে 'গ্রুপ টেমপ্লেট তৈরি করুন' বাটনে ক্লিক করুন।




তাহলে ‘গ্রুপ টেমপ্লেট তৈরি করুন’ শিরোনামের একটি পেজ দেখা যাবে। ‘শিরোনাম’ এবং ‘গ্রুপ টেমপ্লেট রিপোর্টের ধরন’ বাছাই করুন।





‘ক্যাটাগরি’ যদি থাকে তবে সেটিও বাছাই করে দিন।




সবশেষে 'সংরক্ষণ করুন' বাটনে ক্লিক করুন।





তাহলে একটি নতুন গ্রুপ টেমপ্লেট যুক্ত হবে। কাজটি সম্পন্ন হলে ***'গ্রুপ টেমপ্লেট সফলভাবে যুক্ত করা হয়েছে ধন্যবাদ'*** লেখা একটি মেসেজ স্ক্রিনে দেখতে পারবেন। 'ধন্যবাদ' বাটনে ক্লিক করুন।




এরপর পুনরায় বাম পাশের মেনুগুলো থেকে 'রিপোর্ট টেমপ্লেট সম্পাদনা' মেনুর অন্তর্গত 'একক টেমপ্লেট সম্পাদনা' অপশনে ক্লিক করুন।




'একক রিপোর্ট টেমপ্লেটস তালিকা' নামের পেজ থেকে যে সকল একক রিপোর্টগুলোকে গ্রুপ করতে হবে, সেই রিপোর্টগুলোর 'এডিট' অপশনে ক্লিক করুন।




এতে 'রিপোর্ট শিরোনাম সংশোধন' নামের একটি পেজ দেখা যাবে। পেজের নিচের দিকে 'গ্রুপ রিপোর্ট বাছাই করুন' অপশন থেকে রিপোর্টটি কোন গ্রুপে রাখতে হবে তা বাছাই করুন।





এখানে উল্লেখ্য যে, গ্রুপ টেমপ্লেটটি পূর্বেই তৈরি করে রাখতে হবে। 'গ্রুপ রিপোর্ট বাছাই করুন' অংশের উপরের অপশনগুলোর বর্ণনা পূর্বের ভিডিওগুলোতে দেখানো হয়েছে। সবশেষে 'হালনাগাদ করুন' বাটনে ক্লিক করুন।



‘*আপনি কি হালনাগাদ করতে চান?*’ লেখা একটি মেসেজ দেখতে পারবেন। অনুমতি দেয়ার জন্য ‘হ্যাঁ’ বাটনে ক্লিক করুন।





তাহলে ‘***রিপোর্ট টেমপ্লেট সফলভাবে হালনাগাদ করা হয়েছে ধন্যবাদ***’ লেখা একটি মেসেজ স্ক্রিনে দেখা যাবে। ‘ধন্যবাদ’ লেখা বাটনে ক্লিক করুন।




একইভাবে অন্যান্য রিপোর্ট এই গ্রুপে যুক্ত করতে হবে।


এক্ষেত্রে প্রয়োজন অনুযায়ী আপনি গ্রুপে রিপোর্টের সিরিয়াল পরিবর্তন করতে পারবেন। এজন্য বাম পাশের মেনুগুলো থেকে 'রিপোর্ট টেম্পলেট সম্পাদনা' মেনুর অন্তর্গত 'গ্রুপ টেম্পলেট সম্পাদনা' মেনুতে ক্লিক করুন।





'গ্রুপ রিপোর্ট টেম্পলেটস তালিকা' নামের পেজে প্রদর্শিত তালিকা থেকে যে গ্রুপ টেম্পলেট রিপোর্টগুলোর সিরিয়াল পরিবর্তন করতে হবে সেই টেম্পলেটের পদক্ষেপ কলাম হতে 'টেম্পলেট সিরিয়াল' অপশনে ক্লিক করুন।



এতে রিপোর্টের তালিকা দেখা যাবে। তালিকায় রিপোর্টের সিরিয়াল নম্বরের সাথে থাকা আপ বা ডাউন অ্যারো চিহ্নটি ড্র্যাগ করে প্রয়োজন অনুযায়ী রিপোর্টটি উপরে বা নিচের সিরিয়ালে পরিবর্তন করা যাবে।




প্রিয় অংশগ্রহণকারী, এতক্ষণ আমরা গ্রুপ রিপোর্ট তৈরির করার উপায় সম্পর্কে আলোচনা করলাম। পরবর্তী পাঠে আমরা একক রিপোর্ট তৈরির সময়সীমা বৃদ্ধির আবেদন সম্পর্কে আলোচনা করব। ধন্যবাদ।